

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৬২৫২

পর্ব-৩০: মান-মর্যাদা (كتاب المناقب)

পরিচ্ছেদঃ দ্বিতীয় অনুচ্ছেদ - সমষ্টিগতভাবে মর্যাদা ও বৈশিষ্ট্য

اَلْفَصْلُ الثَّالِثُ (بَابِ جَامِعِ المناقب)

আরবী

وَعَنْ جَابِرٍ أَنَّ عَبْدًا لِحَاطِبٍ جَاءَ إِلَى النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَشْكُو حَاطِبًا إِلَيْهِ فَعَنْ جَابِرٍ أَنَّ عَبْدًا لِحَاطِبُ النَّارِ فَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «كذبت لَا يدخلهَا فَإِنَّهُ شهد بَدْرًا وَالْحُدَيْبِيَة» . رَوَاهُ مُسلم

رواه مسلم (162 / 2195)، (6403) ـ (صَحِيح)

বাংলা

৬২৫২-[৫৭] জাবির (রাঃ) হতে বর্ণিত। একদিন হাত্বিব (ইবনু আবূ বালতা'আহ্)-এর একটি দাস নবী (সা.) -এর কাছে এসে হাত্বিব-এর বিরুদ্ধে অভিযোগ করে বলল, হে আল্লাহর রাসূল! হাতিব তো নিশ্চয় জাহান্নামে যাবে। তখন রাসূলুল্লাহ (সা.) বললেন, তুমি মিথ্যা বলছ। সে জাহান্নামে যাবে না। কেননা সে বদর ও হুদায়বিয়ায় শরীক ছিল। (মুসলিম)

ফুটনোট

সহীহ: মুসলিম ১৬২-(২৪৯৫), তিরমিয়ী ৩৮৬৪, সিলসিলাতুস্ সহীহাহ ২১৬০, মুসান্নাফ ইবনু আবী শায়বাহ্ ৩২৩৪৮, মুসনাদে আহমাদ ১৪৫২৪, সহীহ ইবনু হিব্বান ৭১২০, আস সুনানুল কুবরা লিন নাসায়ী ৮২৯৬, হিলইয়াতুল আওলিয়া ৭/৩২৫, আল মু'জামুল কাবীর লিত্ব তবারানী ২৯৯৫, আল মুসতাদরাক লিল হাকিম ৫৩০৮।

ব্যাখ্যা



ব্যাখ্যা: (کذبت) অর্থাৎ- "নিশ্চয় হাত্বিব জাহান্নামে প্রবেশ করবে তোমার এ কথা মিথ্যা। (الکذب) বলা হয়, ইচ্ছাকৃত বা ভুলক্রমে হোক কোন কিছুকে বাস্তবতার বিপরীতভাবে সংবাদ দেয়া। চাই সে সংবাদদান অতীতকাল বা ভবিষ্যকাল সম্পর্কে হোক।

মু'তাযিলা সম্প্রদায় (الكذب)-কে শুধুমাত্র ইচ্ছাকৃতের সাথে নির্দিষ্ট করে। তবে এ হাদীস তাদের মতকে রদ করে। কোন ভাষাবিদ বলেন, অতীতকালের কোন জিনিসকে আসলের বিপরীত করে প্রকাশ করাকে বলে। অথচ এ হাদীস তাদের মতকে খণ্ডন করে। এ হাদীস বদরের যুদ্ধে অংশগ্রহণকারী ও হুদায়বিয়ার সন্ধিতে অংশগ্রহণকারী সাহাবীদের মর্যাদা ফুটে উঠেছে। আর হাতিব-এর মর্যাদা বেড়ে যাওয়ার কারণ হলো তিনিও তাদের অন্যতম। (তুহফাতুল আহ্ওয়াযী হা. ৩৮৬৪)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ জাবির ইবনু আবদুল্লাহ আনসারী (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন